## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৵০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

পণ্ডিত-প্রেসে পাইবেন।

অরবিন্দ এণ্ড কোং

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুশিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৩৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১৪ই মাঘ বুধবার ১৩৫৯ ইংরাজী 28th Jan. 1953 | ৩৫শ সংখ্যা






ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২

— C. P. SERVICE

## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

হিন্দুস্থান কো-অপারেটিভ

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৪ই মাঘ বুধবার সন ১৩৫৯ সাল।

### মহাত্মা গান্ধীজি-কথিত

## ফিলিপ্‌স্ সার্কাস

—০—

দেশ যখন ইংরাজের অধীন ছিল, তখন ভারতের জাতীয় কংগ্রেসের বাৎসরিক অধিবেশন হইত শাসিতের প্রতি শাসকের ব্যবহারের সমালোচনার জন্য এবং অন্যায়ের প্রতিকার করার পন্থা-অবলম্বনের পরামর্শের জন্য। এখন ভারত কংগ্রেসের শাসনাধীনে, তবুও কেন বৎসর বৎসর এই রাজসূয় যজ্ঞের অনুষ্ঠান! কায়দা ক'রে না ব'লে যদি সাদাসিদেভাবে বলা যায় তবে শ্রীজহরলালজী ভারতের প্রধান মন্ত্রী নামে পরিচিত হইলেও তিনিই দেশের হর্ত্তা কর্ত্তা বিধাতা। তিনিই প্রধান মন্ত্রী আবার তিনিই কংগ্রেসের সভাপতি। প্রধান মন্ত্রী হইবার পর যখন তিনি ট্যাণ্ডনের হাত হইতে ভারতীয় কংগ্রেসের সভাপতিত্ব গ্রহণ করিলেন, তখন একবার ইচ্ছা সত্ত্বেই হউক আর অনিচ্ছা সত্ত্বেই হউক জহরলালজী বলিয়াছিলেন—প্রধান মন্ত্রী এবং কংগ্রেসের সভাপতি একজনের পক্ষে হওয়া অশোভন দেখায়; তবুও কি করা যায়, উপায় নাই বলিয়া দুই তক্তই গ্রহণ করিতে হইল।

যিনি শাসক তিনিই কংগ্রেসের সভাপতি। অধিবেশনে যাহা আলোচিত হইবে, তাহা এক কথায় বলিতে গেলে এই মহাসভার মহা অধিবেশন আত্মপ্রশস্তি গাহিবার জন্যই। বাঙলার মেয়ে মহলের প্রচলিত প্রবাদে বলা যায়—আপনি রাঁধে আপনি খায়, আপনার রান্নায় বলিহারী যায়।

এই ভারতীয় নাচ নাচিবার বা বাহবার গাওনা গাহিবার আসর এবার হইয়াছিল হাইদারাবাদে। পরাধীন ভারতীয় কংগ্রেসে বাঙলা হইতে যাঁহারা প্রতিনিধিত্ব করিতে যাইতেন, তাঁহাদের মধ্যে যাঁহারা সভাপতিত্ব করিবার অধিকার পাইয়াছিলেন তাঁহাদের নাম করিবার প্রলোভন ত্যাগ করিতে পারিলাম না। ইংরাজী ১৮৮৫ খৃষ্টাব্দে বোম্বাই নগরীতে ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রথম অধিবেশন হয়, তাহাতে সভাপতি হন উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় (ডবলিউ, সি, ব্যানার্জ্জী) বাঙালী। ১৮৯২ অব্দে এলাহাবাদ সহরের অধিবেশনে ইনিই সভাপতিত্ব করেন। ১৮৯৫ অব্দে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় পুণা সহরের অধিবেশনে সভাপতিত্ব করেন। ১৮৯৮ অব্দে মাদ্রাজ সহরের অধিবেশনে সভাপতিত্ব করেন আনন্দমোহন বসু। ১৮৯৯ অব্দে লক্ষ্ণৌ সহরে সভাপতিত্ব করেন রমেশচন্দ্র দত্ত। ১৯০২ অব্দে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আমেদাবাদে, ১৯০৩ অব্দে মাদ্রাজ সহরে লালমোহন ঘোষ, ১৯০৭ অব্দে সুরাট সহরে রাসবিহারী ঘোষ, ১৯০৮ অব্দে মাদ্রাজ সহরে রাসবিহারী ঘোষ, ১৯১৪ অব্দে মাদ্রাজ সহরে ভূপেন্দ্রনাথ বসু, ১৯১৫ অব্দে বোম্বাই নগরীতে সত্যেন্দ্রপ্রসন্ন সিংহ (লর্ড সিংহ), ১৯১৬ অব্দে লক্ষ্ণৌ সহরে অম্বিকাচরণ মজুমদার, ১৯২২ অব্দে গয়া সহরে চিত্তরঞ্জন দাশ, ১৯৩৩ অব্দে কলিকাতা নগরীতে শ্রীমতী নেলী সেনগুপ্তা, ১৯৩৮ অব্দে হরিপুরায় শ্রীসুভাষচন্দ্র বসু, ১৯৩৯ অব্দে ত্রিপুরি কংগ্রেসে সভাপতি নির্ব্বাচিত হইয়া শ্রীসুভাষচন্দ্র বসু কর্ত্তৃক পরিত্যক্ত পদে বসিলেন ডাঃ রাজেন্দ্রপ্রসাদ।

এখন ভারতীয়ের অধীনস্থ ভারতে যাঁহারা কংগ্রেসী মঞ্চে মহাত্মাজী কথিত সার্কাসে নাচ দেখাইতে গিয়া রিং-মাষ্টার নেহেরুর চাবুকের 'সরাং সরাং' শব্দের তালে তাল রাখিয়া খেলা ও নৃত্য দেখাইতেছেন, উল্লিখিত ব্যক্তিবর্গের সহিত এই সব নাচনেওয়ালাদের তুলনা করিয়া দেখি বাঙলার কোন্ জাতীয় লোক কংগ্রেসের শোভাবর্দ্ধন করিতেছেন। সুভাষচন্দ্রের পর বাঙলায় আর একজনও মিলিল না, যিনি জাতির জনককেও কংগ্রেসঘটিত ব্যাপারে বাঙলার কাছে পরাজয় স্বীকার করাইতে পারেন। এখন বাঙলার কংগ্রেসীরা সংখ্যাগরিষ্ঠতার বলে রাজ্য সরকার চালাইতে পারেন, কিন্তু জহরলালজীর মেজাজের 'সিম্প্‌টম্' (symptom) বুঝিয়া ফরাক্কার বাঁধ বা ভাষাভিত্তিক প্রদেশ গঠনের কথা বলিতে সাহস করেন না। যে প্রদেশে কংগ্রেস ভবন কেমন করিয়া পাওয়া গেল, কংগ্রেস সভাপতির মোটর গাড়িগুলি কে দিল, ইহা বলিবার মুখ নাই, তাহাদের অন্যের হুঁ-য়ে-হুঁ, আর অন্যের তালে নাচা ভিন্ন গত্যন্তর নাই। বাঙলার কংগ্রেসীরা বাঙলার অপমান করিবার সুযোগ পাইলে তাহা ছাড়েন না। তাঁহারা জানেন, বাঙালী মরিয়াও মরে নাই। গত সাধারণ নির্ব্বাচনে বাঙলা সাত সাতটী কংগ্রেসী মন্ত্রীকে কাৎ করিয়া বিশ্বমাঝে নিঃস্ব বাঙালীর কিম্মৎ দেখাইয়া কর্ত্তাদের চোক ফুটাইয়া দিয়াছে। তবুও কর্ত্তারা তক্তে বসিয়া পরাজিত মন্ত্রিদিগের দুজনকে খিড়কির পথে ঢুকিবার সুযোগ করিয়া দিয়া মন্ত্রীর গদীতে বসাইয়া নির্ব্বাচক মণ্ডলীর অপমান করিতে ইতস্ততঃ করেন নাই। হায়দারাবাদ আসরে কাশ্মিরী নাচিয়ে সেখ আবদুল্লার মুখে অকংগ্রেসী শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ও নির্ম্মল চট্টোপাধ্যায়ের কথায় "লজিক এবং রাজনৈতিক নিদর্শন নাই" শুনিয়া বাঙালী হইয়াও হাততালি দিয়াছে। অন্য প্রদেশের প্রতিনিধিগণ বাঙলার নেতৃত্বের বর্ত্তমান দশা দেখিয়া নিশ্চয় মুচকি হাসি না হাসিয়া পারেন নাই।

---

### জঙ্গিপুরে নেতাজী পার্ক ও শহীদ স্তম্ভ

—০—

গত ২৪শে জানুয়ারী শনিবার জঙ্গিপুরের পারে মিউনিসিপালিটির ব্যয়ে নির্ম্মিত নেতাজী পার্কের দ্বারোদ্ঘাটন এবং পার্কের মধ্যে নির্ম্মিত শহীদ বেদীর আবরণ উন্মোচন কার্য্য, নেতাজীর জঙ্গিপুর শুভাগমন কালে যে তরুণ ছাত্রটী সর্ব্বদা নিকটে থাকিয়া হুকুমবরদারী করিয়াছিলেন, নেতাজীর কলিকাতা প্রত্যাগমনের সময় "লেভেল-ক্রসিং" এর কাছে চল্‌তি ট্রেনে ক্ষিপ্রতার সহিত উঠিয়া গাড়ীর শিকল টানিয়া গতি থামাইয়া তাঁহার ট্রেন ধরিবার সুবিধা করিয়া দিতে পশ্চাৎপদ হন নাই, তৎপরে তাঁহার বিশ্বস্ত স্নেহভাজনরূপে পরিচিত, বর্ত্তমানে মুর্শিদাবাদ হইতে লোকসভায় নির্ব্বাচিত সদস্য শ্রীত্রিদিব চৌধুরী এম. পি. কর্ত্তৃক সুসম্পন্ন হইয়াছে। আজাদ হিন্দ বাহিনীর "কদম কদম বাড়ায়ে যা" গানটী গীত

হইবার পর শ্রীচৌধুরী আনুষ্ঠানিকভাবে নেতাজী পার্কের দ্বার ও শহীদ স্তম্ভের আবরণ উদ্‌ঘাটন করেন। জঙ্গিপুর উকিল বারের প্রেসিডেন্ট—শ্রীরাধাগোবিন্দ সরকারের সভাপতিত্বে এক সভার অধিবেশন হয়। সভায় শ্রীচৌধুরী ওজস্বিনী ভাষায় বর্ত্তমান সময়োপযোগী ভাষণ প্রদান করেন। এতদুপলক্ষে পার্কের ভিতরে ও বাহিরে বহু লোক সমাগম হইয়াছিল। কলেজের অধ্যক্ষ শ্রীভবরঞ্জন দে মহাশয়ের দ্বিতলে ও সরস্বতী লাইব্রেরীর বারান্দায় মহিলাদিগের বসিবার স্থান নির্দ্দিষ্ট হইয়াছিল।

---

### বাঙলা সরকারের ভূতপূর্ব্ব অর্থমন্ত্রী, দেশবন্ধুর স্বরাজ্যদলের বিশ্বস্ত সৈনিক বাঙলার শিল্পপতি, ব্যবসায়ী মহলের উজ্জ্বল রত্ন স্বনামধন্য

## নলিনীরঞ্জন সরকারের মহাপ্রয়াণ

—•—

গত ২৫শে জানুয়ারী রবিবার দুঃখিনী বঙ্গজননীর রাজনীতি ও অর্থনীতিক্ষেত্রের একটী দিক্‌পাল সন্তান চিরবিদায় লইয়া মায়ের বুক খালি করিয়া চলিয়া গিয়াছেন। ইনি দেশবন্ধুর হাতে গড়া নেতা। নলিনীরঞ্জন সরকারের শূন্য স্থান পূর্ণ হইবার নহে। এক কথায় বলিতে গেলে নলিনীরঞ্জনের তুলনা নলিনীরঞ্জন। যখন রাজ্যপাল ডাঃ মুখোপাধ্যায় হিন্দুস্থান বিল্ডিংএ শ্রীনলিনীরঞ্জনের মর্ম্মর মূর্ত্তির আবরণ উন্মোচন করিতেছেন, এই উৎসবের সময়েই খবর আসিল—নলিনীরঞ্জন বুঝি আর ধরাধামে থাকেন না। ডাঃ বিধান রায় পুনঃপুনঃ তাঁহার রজনীতে গিয়া কিছুই করিতে পারিলেন না। রাজ্যপাল হইতে সামান্য রাজকর্ম্মচারী পর্য্যন্ত সকলেই তাঁহার শবদেহে মাল্যদান করিয়া শেষ বিদায় সম্বর্দ্ধনা করিলেন। আমরা বঙ্গমাতার এই দুঃখে সমদুঃখী হইয়া পরলোকগত আত্মার সদ্‌গতি কামনা করিতেছি।

---

### ছিয়াত্তর বৎসর বয়স্ক শিক্ষকের পরলোক

—•—

জঙ্গিপুরের নিকটবর্ত্তী দফরপুর গ্রামের ঠাকুরদাস দাস মহাশয় উক্ত গ্রামের অধিবাসিগণের মধ্যে সর্ব্বপ্রথম এণ্ট্রান্স পাশ করেন। গোবিন্দপুর মধ্য· ইংরাজী এবং মির্জ্জাপুর মধ্য ইংরাজী বিদ্যালয়ে প্রধান শিক্ষকের কার্য্য যোগ্যতার সহিত সম্পন্ন করিয়া বার্দ্ধক্যের জন্য অবসর গ্রহণ করেন। মধ্যে কিছুদিন গবর্ণমেণ্টের সেরিকালচার বিভাগেও কার্য্য গ্রহণ করিয়াছিলেন। গত ৩০শে পৌষ বুধবার তাঁহার একমাত্র পুত্র শ্রীজ্ঞানেন্দ্রনাথ দাস, পৌত্র পৌত্রী ও আত্মীয় স্বজন রাখিয়া পরলোক গমন করিয়াছেন। দাস মহাশয় আজন্ম শান্ত-প্রকৃতি, শান্তিপ্রিয় শিক্ষকগুণসম্পন্ন ছিলেন। আমরা তাঁহার স্বজনগণের শোকে সমবেদনা জানাইয়া পরলোকগত আত্মার শান্তি কামনা করি।

---

### ছাত্রের মনোবৃত্তি

—•—

জঙ্গিপুর উচ্চ ইংরাজী বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র শ্রীমান্ মধুসূদন চক্রবর্ত্তী তাহার এম. ই. পরীক্ষায় কৃতিত্বে প্রাপ্ত এক বৎসরের বৃত্তি ৬০৲ টাকা দেশবন্ধু স্মৃতিরক্ষা তহবিলে পশ্চিম বাঙলার রাজ্যপাল ডাঃ হরেন্দ্রকুমার মুখোপাধ্যায়ের হস্তে প্রদান করিয়া নিজের মনোবৃত্তির পরিচয় দিয়াছেন। রাজ্যপাল এই বিদ্যার্থীর দানে মুগ্ধ হইয়া যে প্রাপ্তিস্বীকারপত্রে শ্রীমান্‌কে আশীর্ব্বাদ জানাইয়াছেন, আমরা তাহা স্থানান্তরে হুবহু প্রকাশ করিয়া রাজ্যপালের ভাষাতেই শ্রীমান্‌কে শুভেচ্ছা জ্ঞাপন করিতেছি।

---

### সাধারণতন্ত্র দিবস

—•—

সাধারণতন্ত্র দিবসের তৃতীয় বার্ষিকী উৎসব উদ্‌যাপন উপলক্ষে জঙ্গীপুর ফৌজদারী আদালত প্রাঙ্গণে ২৬শে জানুয়ারী পূর্বাহ্ণ ৮-৩০ মিনিটে মহকুমা শাসক মহাশয় সাড়ম্বরে জাতীয় পতাকা উত্তোলন এবং পুলিশ প্যারেডে অভিবাদন গ্রহণ করেন।

১০-৩০ মিনিটে স্থানীয় মহাবিদ্যালয় গৃহে মহকুমা শাসক মহাশয়ের সভাপতিত্বে মহকুমার প্রচলিত সর্ব্বধর্ম্মানুসারে উপাসনা করা হয়। উভয় ক্ষেত্রেই বহু সরকারী ও বেসরকারী গণ্যমান্য ব্যক্তিগণ উপস্থিত থাকিয়া অনুষ্ঠান দুইটী সাফল্যমণ্ডিত করেন।

জঙ্গীপুর মহকুমা প্রচার আধিকারিক
২৭।১।৫৩

---

RAJ BHABAN,
Calcutta,
20th December, 1952.

My dear young friend,

I have received your letter of the 14th December offering to contribute the entire amount of your M. E. scholarship of Rs. 60/- for 1951 to the Deshbandhu Memorial Fund.


I am deeply grateful to you for your offer and am greatly encouraged to find that students of our schools recognise the very deep debt which not only Bengal but also India owes to this great leader who did so much to bring freedom to our motherland.

I pray to God that He may give you His choicest blessings and also that the very worthy example you have set to our country may be followed not only by school students but also by oldermen.

With my blessings,
Yours affectionately,
Sd/- H. C. Mookerjee.

Sri Madhusudan Chakravarti,
Class X, Jangipur H. E. School,
P.O. Jangipur
(Murshidabad.)

---





## দি আর্ট ইউনিয়ন প্রিণ্টিং ওয়ার্কস

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম : "আর্টইউনিয়ন" টেলিফোন : বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়

---

আমেরিকায় আবিষ্কৃত

## ইলেকট্রিক সলিউসন

— দ্বারা —

### মরা মানুষ বাঁচাইবার উপায় :—



আবিষ্কৃত হয় নাই সত্য কিন্তু যাঁহারা জটিল রোগে ভুগিয়া জ্যান্তে মরা হইয়া রহিয়াছেন, স্নায়বিক দৌর্ব্বল্য, যৌবনশক্তিহীনতা, স্বপ্নবিকার, প্রদর, অজীর্ণ, অম্ল, বহুমূত্র ও অন্যান্য প্রস্রাবদোষ, বাত, হিষ্টিরিয়া, সূতিকা, ধাতুপুষ্টি প্রভৃতিতে অব্যর্থ। পরীক্ষা করুন! আমেরিকার সুবিখ্যাত ডাক্তার পেটাল সাহেবের আবিষ্কৃত তড়িৎশক্তিবলে প্রস্তুত 'ইলেকট্রিক সলিউসন' ঔষধের আশ্চর্য্য ফল দেখিয়া মন্ত্রমুগ্ধ হইবেন। প্রতি বৎসর অসংখ্য মুমূর্ষু রোগী নবজীবন লাভ করিতেছে। প্রতি শিশি ১॥০ টাকা ও মাশুলাদি ৮/০ আনা।

সোল এজেণ্ট :—**ডাঃ ডি, ডি, হাজরা**

ফতেপুর, পোঃ—গার্ডেনরিচ, কলিকাতা—২৪

---

এলোপ্যাথিক
**ঔষধ**

এখানে পাইকারী ও খুচরা সর্বপ্রকার ঔষধ সুলভে পাওয়া যায়

## ন্যাশনাল মেডিকেল হল

জিয়াগঞ্জ :: মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নিলামের দিন ৭ই ফেব্রুয়ারী ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীজারী

৬৯১ থাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মহম্মদ ইয়াকুব হোসেন মণ্ডল দাবি ১৭।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাঁচনপাড়া ১-১৫ শতকের কাত ১॥৶১০ আঃ ১০৲ থং ২০৭, ২০৮

৬৯২ থাং ডিঃ ঐ দেং মহম্মদ ইয়াকুব হোসেন মণ্ডল দিং দাবি ৬০৴৯ মৌজাদি ঐ ১-৭৬ শতকের কাত ৯৮৶৩ আঃ ৪০৲ থং ২৫১

৬৯০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৮/৬ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ৪৶০ আঃ ২০৲ থং ২৫০

৬৯৩ থাং ডিঃ ঐ দেং নিশিকান্ত দাস দাবি ২৬৮৵৩ মৌজাদি ঐ ১-২৫ শতকের কাত ৬॥০ আঃ ১০৲ থং ২৪৬

৬৮৮ থাং ডিঃ অশ্বিনীকুমার বাগচী দিং দেং দেরাশতুল্লা সেখ ওরফে দ্বারাশ সেখ দিং দাবি ১২।৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে তেঘরি ৮ শতকের কাত ১॥০ নিজাংশে ॥৵০ তদুপরিস্থিত ঘর মায় চাল ছাপ্পর কপাট চৌকাঠ নওয়া জিমা সহ আঃ ৫৲ থং ৪৫৫

৬৪২ থাং ডিঃ চতুর্ভুজ সেরাওগী দেং কৃষ্ণনারায়ণ সিংহ নাবালক দিং দাবি ৮৫৮৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিনোদদীঘি ২-৯০ শতকের কাত ১২৲ আঃ ২০৲ থং ২৩৫

৬৪৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯০।৯ মৌজাদি ঐ ৩-৬৬॥ শতকের কাত ১২৮/১৯ আঃ ২৫৲ থং ১৯০

৬৪৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৫॥৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিনোদদীঘি ও সাদপুর ৫-৭৬ শতকের কাত ১৯।৫ আঃ ৩৫৲ থং ২৮।১৪২

৬৪৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৪৮০/৯ মৌজাদি ঐ ২-৩১ শতকের কাত ৬।৶১০ আঃ ১৫৲ থং ২৪০ ১৪১

৬৪৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭॥৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে সাদপুর ৪১ শতকের কাত ১।৶৫ আঃ ৫৲ থং ১৫০।১২৮

৬৪৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২৭।/৩ মৌজাদি ঐ ৩৮ শতকের কাত ১৵০ আঃ ৫৲ থং ১৪০

৪৩১ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ভক্তিভুষণ পঙ্কহর দিং দাবি ২৭।৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে জগদানন্দবাটী ৪-৪৫ শতকের কাত ৮।০ আঃ ১০৲ থং ১৯৫ রায়ত স্থিতিবান।

৪৩৪ থাং ডিঃ ঐ দেং পুলিন মণ্ডল দিং দাবি ১২৮।/৯ থানা ঐ মৌজে সুজাপুর ৩-১৩ শতকের কাত ১৪।৶১ আঃ ২৫৲ থং ১৮১ রায়ত স্থিতিবান।

৬৪৮ থাং ডিঃ সতীশচন্দ্র চৌধুরী দেং দরজাহান সেখ দিং দাবি ২০।৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পাতলাটোলা ৪-৬৩ শতকের কাত ১০/০ আঃ ১০৲ থং ১২২ রায়ত স্থিতিবান।

৬৪৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৭।৬ মৌজাদি ঐ ২-৪৫ শতকের কাত ৪॥৶৪ আঃ ১০৲ রায়ত স্থিতিবান সেটেলমেণ্ট হয় নাই।

৪২০ থাং ডিঃ রূপেন্দ্রমোহন খাঁ দিং দেং চাঁদ সেখ নাঃ পক্ষে অলি মাতা ও স্বয়ং ব্যামাখাতুন বেওয়া দিং দাবি ১০০৷/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে দুর্গাপুর ৬-৯৮ শতকের কাত ১২৮৶০ আঃ ৫০৲ থং ৪ রায়ত স্থিতিবান।

৬১০ থাং ডিঃ ট্রাষ্টি রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং কুশুম বিবি দাবি ২৭/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে দক্ষিণপাড়া ১৪ শতকের কাত ॥৵৩ আঃ ১০৲ থং ৬১

৬১২ থাং ডিঃ ঐ দেং ইন্দ্রচন্দ্র বড়াল দাবি ৬০৮৵৩ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ২ শতকের কাত ৪৲ আঃ ১০৲ থং ৩০০

৬১৩ থাং ডিঃ ঐ দেং সতীশ মণ্ডল দিং দাবি ৫৫৮৶৯ থানা ঐ মৌজে বাসুদেবপুর ১০ শতকের কাত ২॥/৮ আঃ ১০৲ থং ১৮৪

৬৫০ থাং ডিঃ অমানো বর্ম্মণ্যা দেং দুলুপদ দত্ত দিং দাবি ১৩৩৮৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে নশিপুর ও কুতুবপুর ১২-৯১ শতকের কাত ২৮।৵১০ আঃ ২০৲ থং ৯৪।৪৮

৬২৫ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং দ্বিজেন্দ্রনাথ সাহা দিং দাবি ৮৪॥৶৬ থানা সুতী মৌজে খিদিরপুর ৫-৭২ শতকের কাত নিজাংশে ১॥৶৫ আঃ ১৫৲ থং ৪৮

১১৬ থাং ডিঃ আচার্য্য চৌধুরী ওয়ার্ডস এষ্টেট পক্ষে কালেক্টর অব মালদহ দেং আবদুল গোফুর বিশ্বাস দিং দাবি ১৫০৵৬ থানা সুতী মৌজে নিজ সুরপুর ৯-৭৭ শতকের কাত ১৪৮৵৮ আঃ ১০০৲ থং ২৮০।২০১।২০২।২০৩ রায়ত স্থিতিবান।

১১৮ থাং ডিঃ ঐ দেং আবদুল গোফুর বিশ্বাস দিং দাবি ১৭৫৮৩ মৌজাদি ঐ ৯-২৯ শতকের কাত ১৫/৫ আঃ ১০০৲ থং ১৯ অধীনস্থ থং ২০।২১।২ ২ ২৩।২৪।২৭৯।২৮০ রায়ত স্থিতিবান।

৬৩৮ থাং ডিঃ সৈয়দ মহসেন আলি মির্জ্জা দিং দেং রাজেন্দ্রনারায়ণ তেওয়ারী দিং দাবি ৩৪২॥৵৩ থানা সুতী মৌজে হারুয়া ৩০-৮৮ শতকের কাত ৫৩॥১০ আঃ ১০০৲ থং ৪৮৪, ৪৮৫

৫৯৯ থাং ডিঃ বিশ্বেশ্বর ঘোষাল দেং শিবরানী দেবী দাবি ১২।/৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে মণ্ডলপুর ৮ শতকের কাত ১/০ আঃ ৫৲ থং ৯০৯ রায়ত স্থিতিবান

৬০১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৮৵৩ মৌজাদি ঐ ৭ শতকের কাত ১।০ আঃ ৫৲ থং ৯৩৮ ঐ স্বত্ব

৬০২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ॥৵০ আঃ ৫৲ থং ৯৩৭ ঐ স্বত্ব

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

## নিলামের দিন ১৬ই ফেব্রুয়ারী ১৯৫৩

১৯৫০ সালের ডিক্রীজারী

২৪৩ থাং ডিঃ গৌরগোপাল মিত্র দিং দেং কুন্তামাখাতুন বিবি দাবি ১৩॥৬ থানা ফরাক্কা মৌজে বেওয়া ৯ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ১৬৯০ ১৬৯১

১৯৫২ সালের ডিক্রীজারী

৪০৯ থাং ডিঃ ধীরেন্দ্রনাথ রায় দিং দেং কালিদাসী দাসী দাবি ২১৮/৬ থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ৪২॥০ শতকের কাত ১৮১০ আঃ ৫৲ থং ৮৪

৪১১ থাং ডিঃ ঐ দেং রামচন্দ্র সিংহ দিং দাবি ২০৮৵৬ মৌজাদি ঐ ২৯ শতকের কাত ১৵০ আঃ ৫৲ থং ২০৮

৪১০ থাং ডিঃ ঐ দেং কেদারনাথ সিংহ দিং দাবি ৩৯৶০ থানা সমসেরগঞ্জ মৌজে ফুলন্দর ও মালঞ্চা ১-৪৩ শতকের কাত ৫॥৶৩ আঃ ১৫৲ থং ৩৮৩

২৩৭ থাং ডিঃ ঐ দেং জান মহম্মদ দাবি ১৫৮৵৬ থানা ফরক্কা মৌজে শঙ্করপুর ৬৯ শতকের কাত ২৶১৫ আঃ ৫৲ থং ৪০

১৬৪ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং কুরবান মোমিন দিং দাবি ১৪৶০ থানা ফরাক্কা মৌজে কুলী ৮ শতকের কাত ।/০ আঃ ১০৲ থং ১৭০৮

৩৬৫ থাং ডিঃ ঐ দেং দ্বিজেন্দ্রনাথ মিশ্র দিং দাবি ১৩৶০ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ৫ শতকের কাত ॥৵৯ আঃ ৩৲ থং ৩২১ অধীনস্থ থং ৩২২ রায়ত স্থিতিবান।

৩৯৫ থাং ডিঃ জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং ভগবানচন্দ্র ভকত দাবি ২২৵০ থানা ফরাক্কা মৌজে বাহাদুরপুর ১-৭৩ শতকের কাত ২।/৯ আঃ ১০৲

# নিলামের ইস্তাহার

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত
## নিলামের দিন ১৬ই ফেব্রুয়ারী ১৯৫৩

১৯৫২ সালের ডিক্রীধারী

৪০৪ খাং ডিঃ মাতয়ালী জনাব মরতুজা রেজা চৌধুরী দিং দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ১২৩৷/৬ থানা ফরক্কা মৌজে মুদনা ১২৷৷২৻১৩ ধূলের কাত ১৯৮৶/১৷৷ আঃ ১০০৲ খং ৩৯

৪২৭ খাং ডিঃ ঐ দেং ভোলানাথ মণ্ডল দিং দাবি ২৭৮৶/৩ থানা ঐ মৌজে লক্ষ্মীপুর ১১৷৷৪৻১৫ ধূলের কাত ১৭৻৩ আঃ ১৫৲ খং ৪০

৪৩২ খাং ডিঃ ঐ দেং শচীন দাস দিং দাবি ৬২৷৷/৬ থানা সমসেরগঞ্জ মৌজে লালপুর ১৪৮২৻১ ধূলের কাত ১৪৷৶/৮ আঃ ৪০৲

৪৩৩ খাং ডিঃ ঐ দেং বিপিনবিহারী সাহা দিং দাবি ৩২৷৵৬ মৌজাদি ঐ ৪/২৻১৭ ধূলের কাত ৪৮৵/৬ আঃ ২০৲

৩৫৩ খাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং নুরুহরদি সেখ দাবি ১৩২ থানা ফরাক্কা মৌজে মুস্কিনগর ২৩ শতকের কাত ১৵১০ আঃ ৫৲ খং ৮৪১

৩৫২ খাং ডিঃ ঐ দেং রসো বিবি দাবি ১৫/০ মৌজাদি ঐ ২৬ শতকের কাত ১৷৵৬ আঃ ৫৲ খং ১২৯৮

১৬৫ খাং ডিঃ উমাচরণ দাস দিং দেং মহসীন দেওয়ান দিং দাবি ৩৯৮/৩ থানা সাগরদীঘি মৌজে বন্দেশ্বর ১-৩৮ শতকের কাত ৭৲ আঃ ২৫৲ খং ২৮৭

১৬৯ খাং ডিঃ সেঃ কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং গিরিজাপ্রসাদ চট্টোপাধ্যায় দিং দাবি ১৫৷৷/৯ থানা সমসেরগঞ্জ মৌজে উমরপুর ৪৯ শতকের কাত ১৷৷৶/৩ আঃ ৫৲ খং ১৭২

২৭০ খাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৫৶০ থানা ঐ মৌজে নপাড়া ৯০ শতকের কাত ৪৮/৩ আঃ ২০৲ খং ২৬

১৭৩ খাং ডিঃ জগদিন্দ্রনাথ চৌধুরী দেঃ পশুপতি সাহা মৃতান্তে ওয়ারিশ (ক) বিজয়ভূষণ সাহা দাবি ২৪৶০ থানা সাগরদীঘি মৌজে থারিওর ২৫ শতকের কাত ১৷৷/২ আঃ ৫৲ খং ৭৫০

৪০৭ খাং ডিঃ পার্ব্বতীকিঙ্কর রায় দেং ইজ্জত আলী সেখ দিং দাবি ৩৩৮/৩ থানা সাগরদীঘি মৌজে বেলসেণ্ডা ২-০৬ শতকের কাত ৬৶০ আঃ ২০৲ খং ৬৯

২২৮ খাং ডিঃ সুধীরেন্দ্রনাথ রায় দিং দেং নায্য বিবি দিং দাবি ২৯৶৩ থানা ফরাক্কা মৌজে খাপড়া ১৩ কাঠার কাত ২৵৪ আঃ ৫৲ সেটেলমেণ্ট হয় নাই।

৪০৫ খাং ডিঃ প্রিয়ম্বদা দেবী দেং সুধীরকুমার চট্টোপাধ্যায় দিং দাবি ১৬৮৵০ থানা সাগরদীঘি মৌজে খৈরটী ২১ শতকের কাত ৻১৬ আড়ি ধান্য আঃ ২৫৲ খং ৬৭০

২৯৭ খাং ডিঃ শ্যামাপদ চৌধুরী নাঃ দিং দেং ধীরেন্দ্রনাথ রায় দিং দাবি ৮০২৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে সুকদেবপুর ৪৭৮৩৮৻৭ বিঘার কাত ৪৭০৮০ আঃ ৫০০৲ মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী খং ৫, ৬৫৮ জেলা মালদহ থানা কালিয়াচকের অধীন খং ৩

১৫ মনি ডিঃ বিমলেন্দুনাথ সরকার দিং দেং প্রভাতকুমার দাস দাবি ১৮৭৶/৩ থানা সুতী মৌজে আমুহা ৪০ শতকের কাত ২৵৬ আঃ ১০৲ খং ৬৭২ মোকররী স্বত্ব।

১৬ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ১৪৫/৩ মৌজাদি ঐ ৬-৫৭ শতকের কাত ৬৷৷০ তন্মধ্যে দেন্দারের অংশে ১-৭৫ শতকের পড়তামত খাজনা ৶১৫ আঃ ২৫৲

১৭ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ১০৫৷৷৶৬ মৌজাদি ঐ ৬-৫৭ শতকের কাত ৬৷৷০ তন্মধ্যে দেন্দারের অংশে ১-৭৫ শতকের পড়তামত কাত ৷১৫ আঃ ২৫৲ মোকররী স্বত্ব।

৩৩ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৩৷৯ মৌজাদি ঐ ৭০ শতকের কাত ৷৷৶০ আঃ ৫০ খং ৬৭২ মোকররী স্বত্ব।

২৪ মনি ডিঃ মহিবুল্লা সেখ দিং দেং উপেন্দ্র মহালদার দাবি ৩৯৷/৩ থানা সাগরদীঘি মৌজে কালিদীঘি ২৯ শতক জমি আঃ ২৫৲ খং ৬৪

৩৪ স্বত্ব ডিঃ নেহালিয়া ষ্টেটের ট্রাষ্টিগণ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দিং দেং সেবাইত নির্ম্মলচন্দ্র মুখোপাধ্যায় মৃত্যান্তে ওয়ারিশ প্রফুল্ল কুমার মুখোপাধ্যায় দিং দাবি ৬১৵৬ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ৫-৬৯ শতকের কাত ২৫৷৷০ আঃ ১০- খং ১২ অধীনস্থ খং ৩৩৭।৩৩৮

৪৪ স্বত্ব ডিঃ মদেশ্বর হোসেন নাঃ দিং দেং সাহাম্মদ সেখ দাবি ২৩৮৮৵৯ থানা সাগরদীঘি মৌজে বেড়গ্রাম ১-০৭ শতকের কাত ৫৮৮ আঃ ১০০৲ খং ১৫৫

---

## জেলা মুর্শিদাবাদ
# বহরমপুর সব জজ আদালত

১৯৫২ সালের ১০৯নং স্বত্ব মোকদ্দমা

দেঃ কার্য্যবিধি আইনের অর্ডার ১ রুল ৮ ধারার বিধানমতে উক্ত মোকদ্দমা

## নোটিস

থানা সুতীর অন্তর্গত বাহাগলপুর গ্রাম নিবাসী রহিমবকস বিশ্বাস দিগর বাদীগণ উক্ত মৌজার ৬নং খাস খতিয়ানের ৭১৪ ও ৮৪৩ নং দাগ জলায় বাহাগলপুর গ্রাম নিবাসী সর্ব্বসাধারণের মৎস্য ধরিবার কোন স্বত্বাধিকার না থাকা প্রচারে গ্রামবাসিগণ বাদিগণের দখলে কোন প্রকার বাধা সৃষ্টি করিতে না পারেন তন্মর্ম্মে চিরস্থায়ী নিষেধাজ্ঞার ডিক্রী পাইবার জন্য উক্ত গ্রামবাসিগণের পক্ষে শ্রীচমৎকার দাস দিগকে প্রতিবাদী করিয়া—এই আদালতে ১৯৫২ সালের ১০৯ নং স্বত্ব মোকদ্দমায় নালিশ দায়ের করিয়াছেন। উক্ত গ্রামবাসী যে কেহ উক্ত মোকদ্দমায় বিবাদী পক্ষ হইয়া মোকদ্দমা চালাইতে ইচ্ছুক হইলে ধার্য্য দিন ২.২।৫৩ তারিখ মধ্যে বিবাদী পক্ষভুক্ত হইয়া মোকদ্দমা চালাইতে পারেন। অন্যথায় উক্ত মোকদ্দমা আইনমতে নিষ্পত্তি হইবে।

By order of the Court
N. K. Mazumder,
Sheristader.

---


# কৃষি, শিল্প ও স্বাস্থ্য প্রদর্শনী

**জঙ্গীপুর**

স্থান—ম্যাকেঞ্জি পার্ক, রঘুনাথগঞ্জ

**তারিখ—২২শে ফেব্রুয়ারী হইতে ২৮শে ফেব্রুয়ারী পর্য্যন্ত**

থিয়েটার, যাত্রা, কবিগান, বিচিত্রানুষ্ঠান, সার্কাস, ম্যাজিক প্রভৃতি প্রমোদানুষ্ঠান।

বিশেষ আকর্ষণ—**জঙ্গীপুর শ্রী, শিশু প্রদর্শনী ও পরিপূরক খাদ্য প্রতিযোগিতা।**

আধুনিক কৃষি ও শিল্প-সংক্রান্ত যন্ত্রপাতি এবং পণ্যদ্রব্যের বিরাট সমাবেশ, কৃষি, শিল্প ও স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন প্রতিযোগিতা হইবে।

বিস্তারিত বিবরণের জন্য স্থানীয় কৃষি অফিস, ইউনিয়ন বোর্ড অফিস অথবা মহকুমা শাসক, জঙ্গীপুরের সহিত যোগাযোগ স্থাপন করুন।